



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৭জি/১৯৯(ক-৩)/২০০৬(অংশ-১)/৬৭৪/২

তারিখ : ৩১/০৫/২০২১ খ্রি.

বিষয় : ঢাকাস্থ মির্জা আব্বাস মহিলা ডিগ্রি কলেজে প্রাপ্যতা না থাকা সত্ত্বেও জ্যেষ্ঠতা লংঘন করে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির বিরুদ্ধে অভিযোগ প্রসঙ্গে।

সূত্র : জনাব রীনা শরীফুন নেছা, প্রভাষক(মনোবিজ্ঞান) এর আবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর মির্জা আব্বাস মহিলা ডিগ্রি কলেজের জনাব রীনা শরীফুন নেছা, প্রভাষক(মনোবিজ্ঞান) কর্তৃক প্রাপ্যতা না থাকা সত্ত্বেও জ্যেষ্ঠতা লংঘনপূর্বক বিধি বহিঃভূতভাবে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি ও এমপিও হয়ে উচ্চতর স্কেলে বেতন-ভাতা গ্রহণের ও জ্যেষ্ঠ শিক্ষককে বঞ্চিত করার অভিযোগ দায়ের করেন। অভিযোগকারী জানান যে, তিনি গত ০১/০৬/১৯৯৫ তারিখে মনোবিজ্ঞান বিষয়ের প্রভাষক হিসেবে যোগদান করেন। প্রতিষ্ঠান থেকে ০১/০৬/২০০৫ সালে পদোন্নতির সময় তিনি জ্যেষ্ঠ শিক্ষক হওয়া সত্ত্বেও তাকে বঞ্চিত করে কনিষ্ঠ শিক্ষক জনাব রেবেকা পারভীন কে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি দেয়া হয়। এ অনিয়মের সুষ্ঠু তদন্তকরে অনিয়মের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নথি যাচাইয়াত্তে দেখা যায় জনাব রীনা শরীফুন নেছা ২০১০ সালে একই অভিযোগ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে দাখিল করেন এবং অভিযোগটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত কর্মকর্তার মতামত অনুসারে অভিযোগটি নিষ্পত্তি করে স্মারক নং ১৮৭/২ তারিখ : ১১/১/১১ মোতাবেক প্রতিষ্ঠানের অধ্যক্ষকে জানানো হয়েছে। সুতরাং একই অভিযোগ পুনরায় তদন্ত করার সুযোগ নাই।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

৩০.৫.২১
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক(কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

জনাব রীনা শরীফুন নেছা
প্রভাষক(মনোবিজ্ঞান)
মির্জা আব্বাস মহিলা ডিগ্রি কলেজ, শাহজাহানপুর, ঢাকা;

বিতরণ :

- (১) অধ্যক্ষ, মির্জা আব্বাস মহিলা ডিগ্রি কলেজ, শাহজাহানপুর, ঢাকা;
- (২) সংরক্ষণ নথি।